ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-৩৫৬৬</u>
আগরতলা, ৪ নভেম্বর, ২০২৫

# ধলাই জেলার বিভিন্ন এডিসি ভিলেজ পরিদর্শনে রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল ধলাই জেলার ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের আন্তর্জাতিক সীমান্ত এলাকার বিভিন্ন গ্রাম পরিদর্শন করেন ও গ্রামবাসীদের সাথে মতবিনিময় করেন। গতকাল সকালে রাজ্যপাল গন্ডাতুইসা মহকুমার রইস্যাবাড়ি ব্লকের বোয়ালখালি এডিসি ভিলেজ পরিদর্শন করেন এবং বোয়ালখালি উচ্চ বিদ্যালয় মাঠে গ্রামবাসী, স্ব-সহায়ক সদস্য-সদস্যা ও কৃষকদের সঙ্গে মতবিনিময় করেন। তিনি কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পগুলির অগ্রগতি সম্পর্কে খোঁজ খবর নেন এবং নির্ধারিত সময়ের মধ্যে সেগুলির কাজ সম্পন্ন করার ওপর গুরুত্ব আরোপ করেন। এরপর রাজ্যপাল গন্ডাতুইসা মহকুমার রইস্যা বাড়ি ব্লকের বোয়ালখালি এডিসি ভিলেজের অন্তর্গত নিত্য কুমার পাড়ার সীমান্তবর্তী গ্রাম পরিদর্শন করেন। সেখানে তিনি গ্রামবাসীদের সাথে কথা বলেন এবং তাদের নানা সমস্যার কথা শুনে সংশ্লিষ্ট আধিকারিকদের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার নির্দেশ দেন। এরপর রাজ্যপাল বি এস এফ-এর পোতাছড়া আউট পোস্ট (বিওপি) পরিদর্শন করেন এবং সেখানে উপস্থিত বি এস এফ জওয়ান ও কর্মকর্তাদের সাথে মতবিনিময় করেন। তিনি সীমান্তে শান্তিপূর্ণভাবে দায়িত্ব পালনের জন্য জওয়ানদের প্রশংসা করেন। সন্ধ্যায় রাজ্যপাল গঙ্গানগর ব্লকের আওতাধীন দুর্গম বাটাপাড়া গ্রাম পরিদর্শন করেন। সেখানে তিনি একটি মাইক্রোগ্রিড সৌরবিদ্যুৎ প্রকল্প পরিদর্শন করেন এবং গ্রামবাসীদের সাথে মতবিনিময় করেন। পরিদর্শনের সময় রাজ্যপালের সাথে রাজ্যপালের সচিব উত্তর কুমার চাকমা, ধলাই জেলার জেলাশাসক বিবেক এইচ বি সহ অন্যান্য আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

*****